# ছিলেটি ভাশার বেআখরন
## ইতিহাশবিদ মুমিনুল হক

# ꠍꠤꠟꠐꠤ ꠜꠣꠡꠣꠞ ꠛꠦꠀꠈꠞꠘ
## ꠁꠔꠤꠀꠡꠛꠤꠖ ꠒ. ꠝꠥꠝꠤꠘꠥꠟ ꠀꠇ

**ইতিহাসবিদ ড. মুমিনুল হক**
এল.এল.বি (ঢাকা বিশ্ববিদ্যালয়), এম.এস.এস (অর্থনীতি, ঢাকা বিশ্ববিদ্যালয়), পি এইচ ডি (লন্ডন), সিনিয়র এডভোকেট বাংলাদেশ সুপ্রিমকোর্ট, নাগরি স্বীকৃতি আন্দোলনের রূপকার

**নাগরি বর্ণে ছিলটি ভাষা স্বীকৃতি পরিষদ**
স্থাপিত: ৭ মে ২০১৫
প্রতিষ্ঠাতা: ইতিহাসবিদ ড. মুমিনুল হক
বর্ষিজোড়া, মৌলভীবাজার



ছিলেটি ভাশার বেআখরন
ইতিহাশবিদ মুমিনুল হক

বারইবার তারিক জুলাই 2018

বইর মালিক
লেখক

পরচ্ছদ -কমপিউটার ও কমপোজ
চৌধুরী নাগরি পাবলিশারশ

দাম দু শ টেখা

সহযোগিতায়
নাগরি একাডেমি
নাগরি বরনে ছিলেটি ভাশা শিকরিতি পরিশদ



## উতশরগো

ছিলেটিদের মার ভাশার(মাতৃভাষা) নাগরি বিপলবে
ছিলেটি জাতির শেরা শনতান যেরা
নাগরি ছিফাই তারা দিন রাইত কাম কররা তারার উদদেশেএ....

এই বই এর ফএলা খনড বেআখরন পড়লে হখলে খইবা বানান ভুল। কারন ফাককা ছিলেটি ভাশাএ বাংলা লেখতাম খরি ছিলেটি ভাশার নাগরিতে নিচ্ছর হরফ নাই ও জোড়া হরফ ( যুক্তাক্ষর ) নাগরিতে নাই এর লাগি নিচ্ছর হরফ ও জোড়া হরফ ( যুক্তাক্ষর ) বেবহার করছি না।
জেমন
অ , ঈ , ঊ , ঐ , ঔ , ঙ , ঞ ,ণ য , ষ , স , ঢ় , য় ,ৎ , বিসর্গ, চন্দ্রবিন্দু।

## তুরা মাত

ইতা বহুত খুশির মাত ছিলেটি জাতির লাগি এত তাকি খুশীর খতা কিতা হইত ফারে জে ছিলটি ভাশার ইতিহাশে ফএলা ছিলটি বেআখরন বারর। মুই ফএলা লেখক হিশাবে ছিলেটের মাঝে বই পুশতকে ছিলেটি জাতি, ছিলেটি ভাশা সতনতরো ভাশা ,ছিলেটি ভাশা আমরার মার ভাশা (মাতৃভাষা) ছাপিআ তুলি ধরছি।এর আগে কেহ আগাইআ আইছন না।যেরা ছিলেটি ভাশারে মার ভাশা মনে খরইন তারার লাগি ছিলেটি ভাশার এগু বেআখরন আফনারে আতো তুলি দিরাম।এর আগে খেহ লেখছইন না।খুব গরবের খতা খুশির খতা। নাগরিতে ছিলেটি খবরর কাগজ বারইছে ছএ শংখা ।আমরার ভাশা উপ ভাশা বা আনচলিখ ভাশা নাএ।আমরার এটা মার ভাশা ।সামনেদি আর ছিলেটি জুআনরা আরও ভালা খরি বার খরবা। ইটারে আমরা উদদার করার চেশটা খররাম এই বই দিআ।

ছিলেটি ভাশা দুনিআর মাঝে এখটা শহজ শরল ভাশা কারন তুরা হরফ আর যুকত হরফ নাই। আমরার ভাশার মালিক হখল ছিলেটি ।এর লাগি এটির বানান ছিলেটিরা ঠিক করবা। মুই ফোনে ভারতর মনিপুর আশাম ছিলেট বহুতর লগে মাতিআ ছিলেটি ভাশার বানান ঠিক খরার লাগি কমিটি ফএদা খরি।ছিলেটি ভাশার লাগি ইতা বড় কাম।যেরা আমার ডাকে বানান দিছইন তারারে দইননবাদ। এই বই এ শাদ দিছইন নাগরি ছিফাই শাববির আহমদ ফএলা বেটি নাগরি ছিফাই মার্জিয়া সিদ্দিকা লিপি, মানজুর হোসেন হাবিবুর রহমান জোসেফ ,সালেহ আহমদ সাকী শহ হখলরে দইননবাদ জানাই।
আলিম চৌধুরী কমপিউটারে ডিজাইন আর শেটিং না খরলে তো বই বারইলো না হনে।তানে বড় এগু দইননবাদ । হাতই মে নাগরি দিবশ ।এই দিন ছিলেটিদের ভাশা দিবশ।এই দিন মর ডাকে নাগরি বিপলব শুরু হএ। ফএলা ছিলেটি বেআখরন এর হখল ভুল মানিআ লইলাম। এই বই শন বাশ দি বানাইলাম ।নআ জুআন হখলে ইট পাথর দিআ বানাই বা ।জএ ছিলেটি ভাশা জএ নাগরি ।

ইতিহাশবিদ মুমিনুল হক





## শুচিপতরো (সূচীপত্র)

ছিলেটি ভাশার নাগরি হরফ ...... ৯ -১০
খওআ (উচছারন ) ...... ১১- ১২
নাম ফদ (নাম) ...... ১২ ১৩ ১৪ ১৫
আরখ নাম (সর্বনাম) ...... ১৫ ১৬
খাম (ক্রিয়া) খামর শমএ(কাল) ...... ১৭ ১৮
এখটা বুজাএ ...... ১৮
নামর হাল পদ (বিশেষণ)খামর হাল পদ (বিশেষণের বিশেষণ ) ...... ১৯
খতাবাড়ানি (ভাব সম্প্রসারণ ) ...... ২০
ছিলেখ (বাগধারা) ...... ২১
রুফ (লিঙ্গ) ও উলটা শব্দ (বিপরীত শব্দ) ...... ২২
এখখানো খরা (এক কথায় প্রকাশ ) মিলানি (সন্ধি বিচ্ছেদ) ...... ২৩
বাটটি খরন(সমাস)/ডাখার শবদো(সম্বোধনমূলক শবদো) ...... ২৪
রাগ দেখানি (রাগ প্রকাশ )ভাব দেখানির শবদো (অনুভূতিমূলক শবদো) শমএ বুজাইবার শবদো (সময় নির্দেশক শব্দ) ...... ২৫
জোড়া হরফ(যুক্তাক্ষর) ...... ২৬
বাংলাএ ছিলেটি শবদোর বানান ...... ২৭
পতরো ...... ২৪-৩৩
মাইর গেছে পতরো (কুএত তনে)
ইআরর গেছে পতরো (ভারত তনে)
ইআরর গেছে পতরো (রাজনগর তনে )
বানদবির গেছে পতরো (ভারত তনে)
ইআরর গেছে (রাজনগর তনে )
ছুটির দরখাছত ...... ৩৪
বিআর দাআত ...... ৩৫-৩৬
হখলতা খওআ (রচনা) ...... ৩৭-৫৮
হাত খরা --
দুরমুছ -
বরাক ও শুরমা নদি -
হাড় -
ছিলেটি ভাশার শিকরিতি -
ছিলেট জাতি -
আলাদা ভাশা -
ছিলটি ভাষার- শিকরিতি'-
( আন্তর্জাতিক স্বীকৃতি) -
জাতির শেরা ফুআইন (শ্রেষ্ঠ সন্তান) -
নাগরি বিপলবের পরোকাশনা(প্রকাশনা) ও খরচ
নাগরি শিককক -



নাগরি ছিফাই (নাগরি সৈনিক)-
মার ভাশা (মাতৃভাষা) - ছিলেটি ভাশা -
নালি হাগ -
নাগরি বানান -
ছিলেটি ভাশাএ নআ শবদো -
নাগরি একাডেমি -
আদি (শীতল পাটি) -
আননা মুকি -
মুগইর -
নাগরি দিবশ -
মণিপুরে নাগরি বিপ্লব-
নাগরি বিপলব
নাম দছতগত ...... ৫৯
বাংলা ভাশাএ ছিলেটি শুদদো বানান কমিটি ...... ৬০
জোড়া হরফ বেবহারের পরোতিবাদ ও নিনদা ...... ৬১

### দুই নমবর খনডো
### মার ভাশা শংগেরামে (মাতৃভাষা সংগ্রামে ) ছিলেটি জাতি

ছিলেটি ভাশার নাগরির ইতিবিততো (ইতিবৃত্ত) ...... ৬২-৬৪
দলিলে নাগরিতে দছতগত ও মেআদ ...... ৬৫
ছিলেটি জাতির করনিএ ...... ৬৬
ছিলেটি জাতি ...... ৬৭
এক নজরে ছিলেটি নাগরি ও কলেজে আলোচনা ...... ৬৮-৬৯
পরিশদের কমিটি ...... ৭০-৭৩
বাংলাদেশ ও ভারতের শরকারের নিকট শারকলিপি ...... ৭৪- ৭৭
নাগরিতে পাচটি দোকানের শাইন বোরড ...... ৭৮ ৭৯
চাইর জেলাএ শংবাদ শমমেলন ...... ৭৯-৪০
ছএ শংখা পরোকাশিত নাগরি পেপার ...... ৮১- ৮৩
গন শাককর ও গন মিছিল ...... ৮৪
নাগরি হরফে উনিশটি ওআল লেখা ...... ৮৫ - ৮৭
হাইলাকানদি কমিটি ও হরফের শাইন বোরড ...... ৮৮
বাশশটি নাগরি হিখা
পরোতিযোগিতার তালিকা ...... ৮৯-৯১
কয়েক জন নাগরি ছিফাই(নাগরি সৈনিক) ...... ৯২
নাগরি দিবশ ছাব্বির আহমদ ...... ৯৩
ঠাকুর মিলন শেখ ও এম পির কাছে শারখ লিপি ...... ৯৪
ওভিমত ...... ৯৫
মর খতা ও মশলার শনদুখ ...... ৯৬

## ছিলেটি ভাশার  নাগরি হরফ

ছিলেটি ভাষার অককরের নাম নাগরি ।বহুতে  ভূল করে খইন নাগরি ভাশা।ভাশা  খইলে  খইতে হইব  ছিলেটি ভাশা  ।আর অককর খইলে  খইতে হইব নাগরি অককর।  বচন আছে জে  আড়াই দিনে নাগরি হিখা যাএ। নাগরি অককর  তেত্রিশটি  ।পাঁচটি শরবরন ( স্বরবর্ণ) আর আটাইশটি বেনজন বরন( ব্যঞ্জন বর্ণ)শরবরন  আ ই উ ও এ  আর হখলটি  বেনজন বরনো।

ও, য়, অ- এ তিনটির বেবহার  হএ বাংলা ভাশাএ।     নাগরিতে খালি  ‘ও’ ব্যবহার করা হএ।  বাংলা ভাশাএ শ, ষ, স তিনটির  বেবহার হএ আর নাগরিতে শুধু কেবল  ষ.স  পরিবর্তে শ বেবহার হএ।
নাগরিতে  ো (ও-কার)-এর বেবহার নাই।  এর পরিবর্তে সব সময় ু (উ-কার) বেবহার করা হয়।
বাংলা ভাশাএ ,ি ী-কার দ টা ব্যবহার করা হএ  তবে   নাগরিতে শুধু ই-কারের বেবহার  হএ।  নাগরিতে আ আর র দেখতে  সমান ।তবে  আ এর টান লমবা  আর র এর টান হুরু।

অ , ঈ , ঊ , ঐ , ঔ , ঙ , ঞ ,ণ য , ষ , স , ঢ় , য় ,ৎ , বিসর্গ,  চন্দ্রবিন্দু - এই শোলটা  হরফ নাই ছিলেটি ভাশার নাগরিতে।  বাংলাএ ছিলেটি ভাশা  লেখার সময় উফরর হরফ ব্যবহার করিলে বানান ভুল হইব।
উফরর হরফ ব্যবহার করিআ ছিলেটি ভাশার আলাদা বৈশিশট রাখছইন না ।ইটা ওংগ   ভাশার  মত  বাংলার ওংগ ভাশা হই গেছে।এখটা শাদিন দেশর শারভভোমতত থাকা লাগে ।ওমলা ভাশার শাদিনতা থাখা লাগে।আমরা যদি আরখ ভাশার ষ স  বেবহার খরি তে নিজর ভাশা টিকব খিলা।নিছর ভাশা বাচাইতে হইলে আইজ তনে  আমরা নিছর ওককর ছাড়া  বাংলার কোন হরফ বেবহার করতাম না।ইতা মর আবদার  ছিলেটি হখলর গেছে।



## ছিলেটি ভাশার নাগরি হরফ






## খওআ (উচছারণ)

জেছা ভাশার  বেআখরনে   ১/খওআ (উচ্ছারণ)  ২/শবদো (শব্দ)   ৩/ বাইককো ( বাক্য)  ৪/  ওরথো( অর্থ) এই  চাইরটা মুল জিনিশ।তাহা ছাড়া  রুফ (রুপ )ছনদো (ছন্দ) ও ওলংকার (অলংকার )বাড়তি ওংশ থাকে।
ফারশিআনরা (ফার্সিয়ানরা) স হরফ কে হ খইথ।  তারা শিনদু নদিকে (সিন্ধু নদী) হিনদু  নদি খইথ।হিনদু শবদো তারার উফহার।এই শবদো থাকি হিনদুশতানর নাম হইছে।ফারশি , আশামি ও  ছিলেটি ভাশাএ স হরফ আর শ হরফকে  হ  খওআ হএ
ছিলেটি ভাশাএ
জেমন
শালা  না খইআ খইন হালা ।
শালি  না খইআ খইন হালি ।
শামুক  না খইআ খইন  আমুক ।
সাপ   না খইআ  খইন হাপ ।
সাত  না খইআ  খইন হাত।
সাতার না খইআ খইন  হাতার ।

আরবার বহুত শবদো
হা রে  আ দিআ খইন।
জেমন
হাওর  রে  খই  আওর।
হাসা  রে খই  আশা।
হাত  রে  খই  আত।
হাসপাতাল রে খই আশপাতাল ।
হাঁস রে  খই  আশ।তুরা তুরা শবদো বাদে



হখল শবদো এভাবে খই না।
আমরা ছিলেটিরা  ছিলেটি ভাশা লেখাত  বেবহার না করার কারনে আমরার  খওআত  (উচ্ছারণ) বদলি যার ।বহুত টা বদলি গেছে। হততইর আশি  বছর আগে আমরার বাপ দাদায় খইছন ছিলট যাইতা ।তারা খওআত  (উচ্ছারণ)আছিল ছ দিয়া ছিলট।এখনখুব জুআন হখলে খইবা সিলেট যাইতা ।তারার খওআত ( উচ্ছারণ )স দিয়া।আমরার ভাশা ধরিয়া না রাখতে পারায়   আমরার হুরুরতারা বাংলা ভাশার লগে মিশি যার।আশল ছিলটি ভাশা খওআত হারি যার ।ছ  হরফ হই যার  বাংলা স হরফ।আমরার ভাশা বাচাইতে হইলে ইশকুল কলেজে ছিলেটি  ভাশা চালু করা জরুরি।

## নামফদ

জে শবদ দারা কুনু মানুশ, ফশুফাখি, জাগা, জিনিশ, দোশ, গুন বা হখলতার নাম বুজাএ, ইখটারেও নামফদ খএ।
জেমন:-

আনফর আলি(মাইনশর নাম)
মুগইর (হাতল)
গললাশ (গ্লাস)
ডাখতর (ডাক্তার)
মাশটর (শিক্ষক)
দুরমুছ(মাটিকে সমতল করার হাতল)
গরছি( বাশের টুকরা যা দিয়ে বেড়া দেওয়া হয় )
উলশ (লেপ তোষকে থাকে পোকা )
আটাইল( গরু ও মহিশের গায়ে থাকে)
মেড়ি (ভেড়া)
গাই (গাভী)
শুরমা (নদীর নাম)

মুলইবাজার (জায়গার নাম)
ঝাথা( হাঁস ও মুরুগ ধরে রাখা হয়)
হেওত (পানি সেচ করা হয়)
মুলি বাঁশ (এক জাত বাঁশ)
বরুআ( এক জাত বাঁশ)
ঝালা ( চারার জন্য বোনা ধান)
উকা (মাছ ধরা হয়)
ফেইন (খড় একত্রে রাখা)
হার (মই এর মত বানানো)
মাছান  (শষ্য উপরে উঠার বাঁশের তাক)
হির (কোনা )
আওর (হাওর)
হরগা /হগরা ( মাছ ধরার জন্য বাশের তৈরি)
গোফাট (গরু চলাচলের রাস্থা )
রাজাইল (ক্ষেতের জিনিষ ও ধান এগুলা নেওয়ার রাস্তা  )
জাংগাল (কার বাড়ী হয়ে যাওয়ার অস্থায়ী পথ)
দাড়া (হুকনার দিন বন্ধের মাঝ হয়ে কোনাকুনি যাওয়ার অস্হায়ী পথ)
খিকড়ি/খেলকি(জানালা)
কলামেসিন (উড়োজাহাজ,)
বুডবুটি (মটরসাইকেল)
ইশকুল ( স্কুল)
আরিফরি(প্রতিবেশী )
ছিফাই ( পুলিশ)
এনডা বা বইদা (ডিম)
গোছ (মাংস)হুকইন(শুঁটকি)
বিআন(সকাল)মাধান( দুপুর)
হাইনজাবালা(সন্ধ্যাকাল)
খালানজিবালা (শেষ রাত্রিকাল)
ফটিক(ড্রইংরুম)
খাটাল(ডাইনিং রুম)
উন্দাল(রান্নাঘর)



টাটটি(টয়লেট)
খেওড়(দরজা)
উড়কা(দরজার খিল)
কুরতা (শার্ট)
তফন(লুঙ্গী)
রাজাই= লেপ
হুরইন(ঝাড়ু)
খরখরা(বাহিরের ঝাড়ু দেওয়ার)
মেকুর(বিড়াল)
ঝুলি= ব্যাগ)
শংখই (ব্যাগ)
হাড়া (দুই ঘরের মাঝখানের ফাঁকা স্থান)
বরতন(থালা)
খটটা(বাটি)
ছিফ(চামচ)
উড়ি/দুছুন (টুকরি)
হেংগা (2য় বিবাহ)
হোংগা ( চুমা)
হেনেশ ( সর্দি)
ফেটছলা/ফেটলামা ( ডায়রিয়া)
গেরান(ঘ্রাণ)
লউ( রক্ত)
বআর(বাতাস)
লুককা(আগুনের ফুলকি)
হুদদর (আপন)
টেখর(আঙ্গুল দিয়ে মাথায় আঘাত করা)
খিছালতি(তামাশা)
নাইমুড়ালো কামড়( পেটব্যথা)
ইল্লত(কৃমি)
বিছইন( হাতপাখা)
বিরতুং(আনারস)



বাততিক ( আধাপাকা ফল)
খইলা( কলস)
ফিআলি ( চায়ের কাপ)
তছলা ( ডেগ/ডেক্সী)
চেরা(চেহারা)
মানু(মানুষ)
কদু(লাউ(
গুআ(সুপারি)
কেরেছ তেল (কেরাসিন)
ছালি ( পাতা বা কাঠের জ্বালানো পাউডার )
আংটা(কাঠের জ্বালানো বড় টুকরা)
ধাইর (বারিন্দা )
ঘগা( গলা )
রারি (গরু যৌথ ভাবে চড়ানো)
বাইত (বমি )
ভইচাল (ভূমিকম্প)
গিলু( মগজ )

## ডাখর নাম (সর্বনাম)

কুনু কিছুর নামর ফরিবরতে জে হখল শবদ খওআ ওএ বা ডাখা ওএ, ইখটারে ডাখর নাম খএ।

জেমন:-
মুই - আমি
মর - আমার
আমরার - আমাদের
হের - তার
হেরার - তাদের
তান - উনি
হখল - সকল
তাইন - উনি



তারার - তাদের
ইখটা - এটা
ইনো - এখানে
হনো - ওখানে।

ডাখর নামে দিআ তুরা বাইককো
জেমন ,

মুই খালাইনজাবালা ঘুম তাকিআ উটিআ নমাজ পড়ি।
মর গরম ভালা লাগে না।
আমরার বাড়ি আছে।
হের বাফ নাই।
হেরার বহুত টেখা আছে।
তান ভালা এখটা গাই আছে।
তাইন মিছা খতা খইন না।
ইনো মসজিদ আছে ।
তারার নাম ফরদত নাই।
হখলে হাছা মাতা দরকার।
ইখটা গুনে ধরা শনদুখ।
হনো ভালা কুরতা পাওআ যাএ।

## থাম(ক্রিয়া)

জে হখল শবদএ থাম খরা বুজাএ, ওউ শবদ হখলরে খএ থাম।

জেমন:-

আইআর (আসা)
জাইআর (যাওয়া)
খাইআর (খাওয়া)
নাইআর ( গোসল করা)
দইআর (ধৌত করা)
ছাড়িআর( ছাড়া )
ডাকিআর (ডাকা )
ছিললাইআর( চিৎকার করা )
কুড়িআর( খনন করা )
মারিআর( আঘাত করা
দিআর (দেওয়া )
চুইআর (স্পর্শ করা )
বইআর (বসা)
তুলিআর( তোলা )
রানদিআর( রান্না করা)
উয়াইআর (বাতাস দেওয়া )
ফড়িয়ার( পড়া )
খরিআর (কোন কিছু করা )
গাইআর (গাওয়া)
খাউজাইআর (চুলকানি করা)
উলটাইআর( কোন কিছু ঘুরানো )
ফালটাইআর (পরিবর্তন করা)
আগুআনি( অগ্রসর হওয়া )
থাবানি (থাপড় মারা )
উংগানি (ঘুমের ভাব)
বেমরানি ( মুখ দিয়ে শব্দ করা )
চিরানি( টিটকারি করা)
খুদানি (তেড়ে যাওয়া)
ঘুচলানি (এলোমোলো করা)



থামর সমএ( কাল ) তিন জাত

১/জে শবদএ ওখন কুনতা খরা বুজাএ ইখটারে ওখনকুর সমএ খএ (বর্তমান কাল )।

২/জে শবদএ পিছে দিআ কুনতা খরা ওইছে বুজাএ, ইখটারে পিছর সমএ খএ (অতীত কাল) ৩/আর জে শবদএ হমখে দি কুনতা খরা ওইবো বুজাএ ইখটারে আগর সমএ খএ (ভবিষত কাল)

ওখনকুর সমএ পিছর সমএ আগর সমএ এর খিচু নমুনা

| | | |
|---|---|---|
| ১।খরিআর | খরছিলাম | খরমু |
| ২।জাইআর | গেছলাম | জাইমু |
| ৩।খাইআর | খাইছিলাম | খাইমু |
| ৪।খইআর | খইছলাম | খইমু |
| ৫।ফড়িআর | ফড়িছলাম | ফড়মু |
| ৬।খেলিআর | খেলছিলাম | খেলমু |
| ৭।বানাইআর | বানাইছলাম | বানাইমু |
| ৮।ফাঠাইআর | ফাঠাইছলাম | ফাঠাইমু |
| ৯।ছুটাইআর | ছুটাইছলাম | ছুটাইমু |
| ১০।হামাইআর | হামাইছলাএখটা বুজাএ | |

### এখটা বুজাএ

(এক বচন ) বেশি বুজাএ (বহু বচন )

জে কুনু কিছু এখটা বুজাইলে এখটা । এখটা তনে বেশি বুজাইলে বেশি মনে করা হএ।

জেমন
এখটা........এখটার বেশি
ফুআ ফুআইন
বেটা বেটাইন
ইখটা এগুন
মাছগু মাছগুইন

ছিলেটি ভাশাএ ইন ও গুইন লাগিআ এখটা ও এখটার বেশি বুজাএ।

জেমন পাখিগুরে মারলো খে

এখটার বেশি পাখি হইলে পাখিগুইনরে মারল খে এই ভাবে হএ।



## নামর হাল পদ (বিশেষণ )

জে শবদো কোন নাম ফদের চেরা ফুটাই তুলে এশব শবদোরে নামর হাল ফদ খএ।

জেমন
মর ধলা রং এর মেখুর আছে ।
মুই হুরু হাতখরা ভালা পাই।
মুই এগু কালা রং এর গাই কিনমু।
আইজকুর দিন ফর লাগের ।
আমরার ঘর বাতিএ ঝলঝলি খরের।

উফরে
ধলা, হুরু,কালা ফর ঝলঝলি শবদো গুইন নামর হাল ফদ।এই শবদো দিআ নাম ফদের হাল বা ওবশথা খইআ দেওআ হইছে।কোন রং এর গাই মেখুর ও হুরু হাতখরা দিন ও বাতি কিলাখান খইআ দেওআ হইছে।

থামর হাল ফদ (বিশেষণের বিশেষণ) জে শবদো কোন কামর গতি বা ওবশতা বুজাএ ।তারে থামর হাল পদ খএ।

মুই জলদি ভাত খাইছি ।
তান জে লাহ লাহ হাটরা।
মর নআ শাট পাইআ জে খুশি হইছি ।
আমরার শাহশ খরি বাঘরে মারলাম।

উফরে জলদি, শাহস, লাহ লাহ আর খুশি শবদো দিআ থামর হাল বা ওবশতা বুঝাইনি হইছে।জলদি ,খুশি লাহ লাহ আর শাহশ এই চাইরটি শবদো থামর হাল পদ ।



## খতা বাড়ানি ( ভাব সম্প্রসারন

জে হখল বাইকক দিআ বিশেশ কুনু বিশএ বুজাএ, তার বরননা খরাই খতা বাড়ানি।

জেমন:-

১। চুরর দশদিন আর শাউধর এখদিন।
২। বনর বাঘে খাএ না মনর বাঘে খাএ।
৩। শুখে থাখলে ভূতে কিলায়।
৪। চুরে চুরে আলি আর এখ চুরে বিআ খরে আরখ চুরর হালি।
৫। আতে জার ওএ না, হাতাইশেও ওএ না।
৬। উচিত মাতর ভাত নাএ, রাশতা বাএদি ফথ নাএ।
৭। চুরর মনও ফুলিশ ফুলিশ।
৮। খম ফানির মাছ বেশ ফানিত ফড়লে হাবুডুবু খাএ।
৯। জার লাগি জার ভাব তার ছাআ দেখলেও লাভ।
১০। চুরর মার বড় গলা।

আর খিছু জন পিরিও খতা বাড়ানি
আগে মাতরির বিআ হএনা ।
আওরর গরু মামা হউরে দান।
হাছা মাতরার ভাত নাই।
চুরর মন খিরা খেত।
খুততার লেংগুর ঘি দি মানজিলে শিধা হএ না।
খম পানির মাছ বেশ ফানির পড়লে হাবুর ডুবুর খরে।
বাশ থাকি ছিঙলা বড়।তিন কুটাএ বানগইন পাড়া।
ভাইনা কুটুম নিমহারাম।
গেলে এখ দোশ না গেলে তিন দোশ।
হাতে যার হএ না হাতাইশে তার হএ না।

## ছিলেটি ছিলেখ (বাগধারা)

জে শবদ বা শবদ হখল বাইককর মাজে বেবহার ওইআ ওরথর দি বিশেশ কুনু বিশএ বুজাএ, ইখটারে ছিলখ থএ।
জেমন:-

১। আলেরও না বিচেরও না- কুনু থামের নাএ।
২। মার নাম ওইচে তেতই বানদি,ফুতের নাম সুলতান খা- কুনতা না থাখা ফরেও মস্তানি খরা।
৩। নাএ গেলেও ফথ নাএ, তরে গেলেও ফথ নাএ- চাইরোবাএদি শমইশশা
৪। মুরখ মার ঘরের ফনডিত ফুত- থুড়া জানিআ ফটর ফটর খরা।
৫। জার মনও জেটা জাগিআ উঠে ইটা-জে জেটা খরে হে ওউটাও মনও খরে।
৬। নাছতে না জানলে উঠান তেড়া- না ফারলে বাহানা খরা।
৭। চুর গেলেগি বুদদি বাড়ে- সমএর কাম সমএ না খরা।
৮। জাতর ফুড়ি খালা বালা, গাংগর ফানি গোলাও বালা- বাদ ছুনদর থাকি বালা আচরনর ওছুনদর ও বালা।
৯। আফনা থাকি বেগনা বালা আর ফানি থাকি ফেখ বালা- বেআখল আফনা থাকি গিআনি শতরুও বালা।
১০। বাএরেদি ফিটফাট আর ভিতরেদি শদরঘাট- কুনতা না থাখা বাদেও উফরে উফরে মচমচি খরা।



## রুফ (লিঙ্গ)

বেটারুফ( পুরুষ লিঙ্গ) বেটিরুফ (স্ত্রীলিঙ্গ)
জে হখল শবদএ বেটা বুজাএ, ইখটারে বেটারুফ শবদ থএ। আর জে হখল শবদএ বেটি বুজাএ ইখটারে বেটিরুফ শবদ থএ।
জেমন:-
১।ফুআ - ফুরি
২।মাই - বাফ
৩।বেটা - বেটি
৪।তালই - মাওই
৫।খামলা - খামলি
৬।ভাইছাব - বুআইছাব
৭।দেওর - ননদ
৮।হওর - হড়ি
৯।হখির - হখরানি

## উলটা শবদ (বিপরীত শব্দ )

জে হখল শবদ আরখ শবদের উলটা ওরথ বুজাএ, ইখটারেও উলটা শবদ থএ।
জেমন:-
১।উচা - নিচা
২।ডাইন - বাউ
৩।আগে - খরে
৪।রাইত - দিন
৫।ফর - আন্দাইর
৬।বিজা - হুকনা
৭।খাচা - ফাখনা
৮।বালা - বুরা
৯।খালা - দলা



## একখানো খরা (এক কথায় প্রকাশ )

এখের বেশি কুনু বাইককরে থুড়া শবদ বা এখটা শবদএ বুজানি রে থএ একখানো খরা।
১।বেশি মাতে জেগু =বেশমাতরা
২। এখজনর মাত আরখজনর ঠাই লাগাএ জেগু- লাগাউরা
৩।আমল খাছলত খারাফ জেগুর =বেখাইছলত
৪।দিশা নাএ জেগুর = বেদিশা
৫।উলটা বুজে জেগু =উফতা
৬।এখ রগ তেড়া জেগুর = আনাড়ি
৭।চুক আছে আর আখল নাই = চুকুমবুদাই
৮।যার খম আখল = বেআখল।
৯। আঠার লাখান লাগিআ থাখে জেগুএ-চেছড়া।

## মিলানি (সন্ধি বিচ্ছেদ)

লাগালাগি দুইটা শবদো এখ সাথে মিলআ ওরথোফুরনো জে শবদো ছিশটি খরে, ইখটারে মিলানি থএ।
জেমন:-
১। ফরি+ইককা=ফরিককা।
২। নাতি+বউ=নাতিবউ।
৩। লো+ওন=লবন।
৪। জাবত+জিবন=জাবতজিবন।
৫। নাতিন+জামাই=নাতিনজামাই।
৬। মাশটর+ইনি=মাশটননি।
৭। রাজা+বাড়ি=রাজবাড়ি।
৮। ভাই+ছাব=ভাইছাব।
৯। হকির+ইনি=হকিননি।



## বাটটিখরন (সমাস)

খএকটা শবদো মিলিআ ওরতোফুরনো জে শবদো ছিশটি খরে, ইখটারে বাগটটি খরন থএ।
জেমন:-
১। বই ও ফুশতক=বইফুশতক।
২। রাজার ফুয়া=রাজকুমার।
৩। মা ও বাফ=মা-বাফ।
৪। মহান জে নবি=মহানবি।
৫। বিআর লাগি ফাগল= বিআফাগলা।
৬। ফথের রাজা=রাজফথ।
৭। আশের রাজা=রাজআশ।
৮। নাতির বউ=নাতিবউ
৯। খানে খানে জে মাত=খানাখানি।
১০। তুমি আমি ও হে=আমরা।

## ডাখার শবদো ( সম্বোধনমূলক শব্দ)

১/ ঠাকু ভাইছাব(সকল থেকে বড় ভাই রে ডাকা হয় )
২/ নিআ ভাইছাব (বড় ভাই রে ডাকা হয়)
৩/ ঘুরা ভাইছাব ছুদনর ভাই যেন তানে ডাকতা )
৪/ হুরু বুআই (ছোট বোনকে ডাকা হয়)
৫/ মাইজম বা মেজো বুআই (মধ্যম বোনকে ডাকা হয় )
৬/ বর বুআই( বড় বোনকে ডাকা হয়)
ঠাকুর দা( দাদা)ঠাকুরদি (দাদি)

এর ফরে মেজদা , সেজদা, মিআ ভাইছাব, সেজো বুআই ,হুরু আব্বা, হুরু মা ডাকা রেওআজ আছে।

## রাগ দেখাইবার বাইককো (রাগ দেখানোর বাক্য)

১/ তাবা মারিআনু দাত হখলটি ফালাই দিমু।
২/ কিল মারিআনু গাড়িলাইমু
৩/ ইটা মারিনু কানা খরিলাইমু ।
৪/ এখটা মারলে আরখটা মারার জেগা থাকতো না।
৫/ উশটা মারিনু নাখর জালা ছুটাইলামু।
৬/ আরখবার মাতিআ দেখ কিতা খরি ।
৭/ এখদিন মারলেনু এখশ দিন আতাইবে।
৮/ বেশি মাতছ খিতা শাশি ছিড়িআনু হাত আনিলাইমু ।
৯/ লাত মারিআনু ভাত বার করিলামু ।
১০/ছিনরেনু খার লগে মাতরে।
১১/ খইআ দিলাম ওউ হিশাবে মাতিছ।

## ভাব দেখাইবার শবদো

( অনুভূতিমূলক শব্দ )
যে ভালা ফাইছি (ভালবাসা প্রকাশ করা )
ও শোনা মাই গো (ভয় বা দুঃখ প্রকাশ করা ) বেতালা ওইছে
( (ধন্যবাদ প্রকাশ করা )
হাসতে হাসতে জান বারইজার(আনন্দ প্রকাশ করা)মরখিরর বলা (বোঝা প্রকাশ করা)

## শমএ বুজাবার শবদো (সময় নির্দেশক শব্দ)

বিআন(সকাল)মাধান( দুপুর)
হাইনজাবালা(সন্ধ্যাকাল)
খালানজিবালা (শেষ রাত্রিকাল)
ফতাবালা ( শেষ রাত্রকে বুঝায়) আগ রাইত( সন্ধার পর)



## জোড়া হরফ ( যুক্তাক্ষর )

ছিলেটি ভাশার নাগরিতে জোড়া হরফ ( যুক্তাক্ষর )নাই। বাংলা জোড়া হরফ ( যুক্তাক্ষর ) গুলা খিলা ছিলেটি ভাশাএ বাংলাএ লেখা লাগব নিচে তার নমুনা ।

বুদ্ধি = বুদদি
পরীক্ষা = পরিককা
আঙ্গুল= আংগুল
পাঞ্জাব = পানজাব
চঞ্চল = চনচল
চলন্ত =চলনতো
পণ্ডিত = পনডিত
জ্ঞান = গিয়ান
পরিষ্কার =পরিশকার
বিজ্ঞান = বিগগান
তুষ্ট =তুশটো
বিদ্যা = বিদদা
পোস্টার =পোশটার
নষ্ট = নশটো
উড়ন্ত =উড়নতো
বাক্স = বাশকো
চাঁদ ="চানদ
রিক্সা =রিকশা
চমৎকার = চমতকার

ঈ, ঐ, ঔ- এই তিনটি হরফ নাই ।এর লাগি ঈ-কার, ঐ-কার, ঔ-কার নাগরিতে ব্যবহার নাই।ঈকার না থাকাএ 'নাগরী' -ঈকার এর লেখা ভুল। নাগরি 'ইকার দিআ লিখা শঠিক হইব ।

ঙ, ঞ,ণ,য,ষ,স,ঢ়,ৎ,: চন্দ্রবিন্দু না থাকাএ যুকত ওককর (যুক্তাক্ষর) এর বেবহার নাই ।আমরার বাপ দাদারা ছ দিআ ছিলেট উচছারন করছইন।এবলা বাংলার লগে বহুতে স দিআ উচছারন করইন।স নাই তাছাড়া স দিআ বাংলাএ লিখলে নাগরিতে লেখলে শ দিআ লেখা লাগত।



## ছিলেটি শবদের বাংলা ভাশাএ বানান বাংলাএ বানান বা ওরথ

এখ =এক
খই = বলি /কোথায়
এখতা = একটি কথা
হাছা =সত্য
ফতা =সেহরি
ফুআ = ছেলে
ফুড়ি =মেয়ে
খইন = বলেন
কিতা =কি
কতা =কথা
আফনে =আপনে
আফা =আপা
কার =কার
ঠিক =ঠিক
আরখ =অন্যটি
ফারে =পারে
খরি =করি
ফাগল =পাগল
লাখান = মতো
কিতা = কি
হরুখালো =ছোট কালে
খইন =বলেন
কাম =কাজ
ইখথা =একটি
ফারা =ছেড়া
আতো =হাতে
আরো খান =আরেকটি
খরবা=করবা
খেনে=কেন



লেখকরা ছুনদর ছুনদর চিটি নিজে লেখিআ যেছার নাম দিআ বেআখরন ছাপইন ।মুই ইতা খরছি না।এখে বারে পাকা। আশাম মণিপুর ছিলেট ফনে মাতিআ পতরো লেখাইছি ।যাতে ছিলেটি জাতির মাজে পতরো লেখকের মাআ মহবত বাড়ব।তারা জানে খে লেখছে তারার গেছে।

## মাইর গেছে ছিঠি (কুএত তনে)

১০/৬/২০১৮

ফরানর মাইজি

মাইজিগো, চিটির ফয়লা মর ছালাম নিও। আফনে ভালা আছইননি? বাড়ির হখল ভালা নি, কিতা খররায় হক্কলে? মর লাগিয়া চিনতা খরিওনা, মুই ভালা আছি আর খাইআর ঠিক মত। ও মাইজি, হগরর চাছি আমমা ভালা নি? চাচা জিরে আর চাচি আমমারে মর ছালাম দিও। খইও মুই ভালা আছি। মাইজিগো, তুমার লাগিয়া জে জানে টানের খত দিন ওইছে দেখিআর না! ইতা মনে ওইলে খালি মর খান্দন আএ। হেদিন গো মাই খুআফে দেখছি তুমারে! মাইজি তুমার আটুর বিশ খমছে নি? জেতা মলম ফাটাইছি ওতা দিয়া মানজিআ দিও ফাউ। মাইজি শিতর দিন আইছে খমল ওখান বার খরিআ উড়িও, শমালি খইও না। মুই ইবার আইতে আরেখান আনমু। মুই আরামে আছি গো মাই, খালি কশট ওইজার আছতা দিনে খাম থাকি আইআ রানদিআ খাইতে ভালা লাগেনা! আগর খতা মনে ফড়ে গো মাই তুমি ভাত ছালম মর কুটাত রুজ রাইত টেবুলর মাজে রাখতাএ গুরিআ । ইতা মনে ওইলে মর বুক ফাটিআ খান্দন আএ গো মাইজি! ।

ও মাইজি, তুমি মর ছিটি ফড়িয়া খানদিও না,মর লাগিআ দুআ খরিও মুই ভালা বাবে জেলা ফিরিআ আইতাম ফারি তুমার বুকুত। মাইজিগো, মুই কফিলর লগে মাতিছি বাড়িত আইতাম খরিতাইন খইরা ৫ মাশ ফরে ছুটটি দিবা। মুই কিতা আনতাম তুমার লাগি মরে ছিটি দিআ খইওমর জান খান উড়িজার তুমারে দেখতাম খরি।বেদেশ আইলাম গো মাই গরিব ওইছি খরিআ আননাইলে গো মাই বাড়িত থাখলাম ওনে,

ও মাই তুমার নাতি হশা ভালা নি। তারার লাগি মর জে জানে টানের। তুমার বউ ভালা নি? খইও হুরুতারে দেখিআ রাখতো। খত দিন ফরে বাড়িত আইমু। মাইজিগো ফুবর বাড়ি বড় ভাইছাবর লগে ফারলে খয়খান ফান আর দউকনোর ফুতার নাইকলর খান্দার গাছর খয়টা গুআ দিও ।আর ঘরর ফিছর গাছর জে মাটু গুআ দিছলাএ ওলা মজা লাগছে গো মাই খাইআ ।
আইচ্ছা গো মাই ভালা থাকিও হখল। বাড়ির হুরু জেরা তারারে মর আদর মমতা দিও।বড় হখলরে মর ছালাম দিও।ওখন বিদাআ নিমু গি তুমি, খাইও জানে জেতা টানে আনিআ। জেতা টেখা ফাটাইছি ওতা থাকি আলাদা খরি তুমি পাছ আজার রাখিও।জেবলা জানে জেতা খয় আনিআ খাইও। আর গ মাই হুরু মই বালানি আর মিম গুতার লাগি মর জানে জে টানের মইরে খইও ইবার আমারে আনাত ইআর ফুট মিমরে দিতা। মর লাগি দুআ খরিও মাইজি। আললাহ হাফিজ বালা থাকিও ওউ কামনা খরি।

ইতি
তুমার খইলজার টুকরা বড় ফুআ।
ছাব্বির আহমেদ






## ইআরর গেছে ছিঠি(ভারত তনে)

৮/৬/২০১৮
বিআন আটটা

আমার মাআর বনদু রাহি
ফএলা মর ছালাম নিও।তুমি ভালা আছনি।মুই ভালা আছি।তোমার কলেজ বনদো হইলে আমার বাড়িতে আইও।তোমারে লইআ আশামর বেজান জাগা ফাখাইমু।আমরার ইখানো চিড়িআখানা আছে আরও বেজান জেগা আছে বরমপুতরো নদি, পোআমককা ও আজান পিরের দরগাহ আছে। তোমার মা বাফ মর ছালাম দিও ।পরিবারর হখলে ছালাম ও দোওআ খইএ ।আইচছা তে রাখি আর ভাল থাকিও আইলে শামনাশামনি মাতমু।
ইতি
তর বনদু
ইমরান হোশেন
নবম শেরেনি
(মইনুল হক চোধুরি হাইআর শেকেনডারি ইশকুল )






## ইআরর গেছে ছিঠি(রাজনগর তনে )

১৭/৬/২০১৮

ফরানর বনদু শাইদুল
ফএলা মর ছালাম নিও মুই এখ মত ভালা আছি।
তর ইশকুল বনদ হইলে পরিককার পর মর বাড়িতে ফাখানিত আইও। আমরা গাউত বাগাজুরা শবুজ শংগ 1979 শালে বানাইছন ইতিহাশবিদ মুমিনূল হক ।তান আগুইআ আইআ হখলরে লইআ ধানের এখটুরা খেতর জমি কিনছইন শবুজ শংঘর নামে ।বছর বছর আমরা পাচ শ টেখার লাখান ধান ফাই ।আমরার শংখ লগে তুমার ভারতর মনিপুবর কিরিকেট টিম লইআ খেলিআ যাএ ।আমরা টিম ফেলার হখলর নাম হইল রাজু, আরিফ ,জাকার, সাবুল, তাজুল ,অনিক, সাবিরুল টিপু ,জিসান, হাসান, রুবেল ,আবিদ ,ইমন এরা।আমরা মরিআ পাচ গাও কেমশহশরো বালিগাও হখল গাওরে খেলিআ হারাইছি।
আমার বাড়িত থাকবায় খাইবাএ ।আর বহুত তা আছে শুরমা নদি মনু নদি মাজার কাওআদিঘির হাওর কমলা রানির দিঘি ও আমরা গাউত এখটা ভালা হাফিজি মদরছা আছে ইগু 1982 শালে বানাইছলা ইতিহাশবিদ মুমিনুল হক তান বাফ মরহুম হাছান আলি ছাবে আর খততা দেখতে দেখতে হেশ খরতাএ পারতাএ না। আমরা দুই ভাই। মর ভাইর নাম আবিদ তালুকদার।তোমার মা বাফ ভাই বইন পরিবার হখলে ছালাম দিও।পতরর উততর দিও।
ইতি
তর বনদু
আরিফ তালুকদার






## বানদবির গেছে ছিঠি (ভারত তনে)

২০/৬/২০১৮

পিরিও,মিম
ফওলা মর ছালাম লইও।তর দোআহ আললাহর হুকুমে ভালা আছি ।তর কলেজ বনদ হইলে মর বাড়িত ফাখানিত আইও।মুই তরে লইআ মনিপুবর বেজান জেগাত ফাখাইমু।আইলে দেখবাএ মনিপুর ভারতর এখ ছুনদর রাজজো।ইখানো ছুনদর পাহাড় আছে বিল আছে এখ খানো রদ আছে ।হখলতাকি মজার মাত হইলো আমরা ইখানো খালি বেটি মানশর এখ বাজার আছে।দেখতে বেজান ভালা লাগে।আমরা ইনো বড় বিল ইগুর নাম লকতাক।ইগুর পানির উপর দুটি বানদা দল আছে।এর উপরে আবার হরু হরু ঘর আছে ইতা পানিত মাছ বইআ থাকে।বিলর মাজখানো পানির উপর বড় বড় ভাশাইল পাড় হরি আছইন।বাকি জিরিবাম দেখার মত বেজান কিছু আছে।তুমি আইলে হখলতা দেখাইমু।তুমার ইনো শুরমা গাং আমরা ইন বরাক গাং।আইলে দেখবাএ।তুমি আইলে হখলতা মাতমু।আমরা তিন ভাই বোন ।মুই মাইজলা।বড় এখ ভাই হুরু এখ ভাই।আমার বাফ ইশকুলর মাশটর মা ঘরর কাম খরইন।বাকি মাত সামনাসামনি মাতমু।এবলা বিদাএ নিলাম।
ইতি
উমিম হাননুন



## ইআরর গেছে ছিঠি (রাজনগর তনে )

২৩/৬/২০১৮

পিরিও বনদু ,রুবেল

মর ছালাম নিও।তোমার মা বাফরে ছালাম দিও।আইজ বাককা দিন ফরে তুমার খতা মনে পড়ছে, তুমি মনে হএ জান আমার ফরিককা ১০ তারিক শেশ হইব,আমি চাইরাম তুমি ফরিককার ফরে আমার বাড়িত আইবাএ ।তুমারে মুই ছিলেট শাহজালাল (রা) আর শাহপরান (রা) মাজারে লইআ জাইমু।দেখবাএনে ওখানে জত ফার, খবুতর, আর গজার মাছ সুনা রুফার খই মাছ আছে ছিলেটে । মুইলবাজারর শিরিমংগল আছে টিললা আর ছার বাগান দেখাইমু তরে।দেখবাএ নে মুইলবাজার শাহ মছতফা (রা) মাজার, ওখান জত ছউল মাছ আছে দেখবাএ নে মর বনদু জেতু বাড়িত আইব হেতু রানদিআ খাবাইমু আমার নিজর আতে।মর জে সুনদর ফুলর বাগান আছে দেখবাএ নে।আর গান গাইমু মজা খরমু,আর কবিতা লেখিআ ফড়িআ হুনাইমু নে।মর বনদুরে শমমান খরমু আর খত মজা খরমু মর তিন ভাই বইন তাছলিমা মুই,তাশপিরিআ আর তুমি বনদু মিলিআ।
বাকি খতা শামনা শামনি ওইলে মাতিমু, ওখন বিদাএ নিলাম,আর আমার ছালাম নিও,,ইতি তর বনদু,,

লিকছন
শশট শেরেনি
কদমহাটা হাই ইশকুল রাজনগর উপজেলা






## তিন দিনের ছুটি চাইআ ইশকুলের হেড মাশটরের গেছে দরখাছতো লেখা।

বরাবর,
হেড মাশটরছাব,
হাজি আছির উদ্দীন উচ্চ বিদ্যালয়,
জামালগঞ্জ, সুনামগঞ্জ।
বিশএ: তিন দিনর ছুটি চাইআ আবেদন।
জনাব,
বিনিত আবেদন এই জে, আমি অশুকর লাগি ৩ দিন ফরজনতো (৩১-০৫-১৮ইং- ০৩-০৬-১৮ইং) ইশকুলো জাইতাম ফারছি না। বেশেবা অশুখ আছিলো খরি আফনার খানদাত ছুটির লাগি আবেদন খরার ও শমএ ফাইছি না।
ওতোএব, আফনার গেছে ওনুরোধ খরিআর, আফনে আমারে ওউ তিন দিনর ছুটি মনজুর খরলে বড় উফকার ওইবো আর আমি বাধিতো থাখমু।
বিনিত
আফনার বাইদদগতো ছাতরি
শামীমা আঞ্জুমান শিমু
কেলাশ: টেন।
শাখা: ক
রোল নম্বর : ১।



## বিআর দাওত



ফএলা ছিলেটি ভাশার নাগরিত লেকিআ বিআর দাওত দিছইন কুলাউড়ার গনেশ লাল খানু



## বিআর দাওত



দুছরা ছিলেটি ভাশার নাগরিত লেকিআ বিআর দাওত দিছইন কুলাউড়ার এবাদুর রহমান

## হাত খরা

পরিচয়: হাতখরা এখটা লেমবু জাতিও টেংগা ফল। ইখটা আনাইজ হিশাবে ছিলেটিরা মাচ, মাংশ ও ডাইলর লগে রানদিআ খাইন। বাংলাএ ইখটারে সাতকড়া খএ, আর ছিলটি ভাশাএ খএ হাতখরা। হাতখরা দেখতে খমলার লাখান, গোলমুল। তবে খমলার তনে এখটু চেফটা আর বড়। ফএলা জে সমএ গাছও হাতকরা ধরে ওউ সমএ সবুজ রংএর থাখে আর দেখতে বড়ইর লাখান দেখা জাএ। ফরে আশতে আশতে বড় ওএ, হলুইদ রং ধরে খমলার লাখান দেখাএ।

হাতখরার নামখরন: হাতখরা ছিলেটিদের এখটা পরিচিত আনাইজ। ইখটার ইংরেজি কুনু শবদো নাএ। এর লাগি বাংলাদেশ কৃষি বিভাগ ইখটার ইংরেজি নাম দিছে satkara. জেহেতু হাতখরা লেমবু জাতিও ফল এর লাগি ইখটার উদভিদ তাতথিক নাম ওইলো citrus macropeta. বিদেশি মাইনশের গেছে citrus খইআ হাতখরার পরিচএ দেওআ জাইবো।

কিলা খাএ: হাতখরা দিআ ছালন রানদিআ খাএ। মাছ, মাংশ ও ডাইলর লগে হাতখড়া দিআ মজার মজার ছালন রানদা জাএ। খালি ছালন নাএ, হাতখরা দিআ খতো দরনর আচারও বানানি জাএ। হাতখরা রইদো হুকাইআ হারা বছর রাখা জাএ। হাতখরার বাখল ছোট মাছর লগে দিআ ছালন রানদিলে খুব মজা লাগে। হাতখরার আচার বানাইআ ওনেখে বেচিআ রোজকার খরইন।

হাতখরার চাশ : আগে ছিলেটর ফাহাড়ি এলাকাত হাতখরার চাশ ওইতো, ওখন আর তেমন এখটা ওএ না। ছিলেটর জইনতাফুর, গোআইনঘাটর জাফলং, বিআনিবাজার ও মুলইবাজারর বড়লেখা উপজেলাশহ ভারতর করিমগনজ ফাহাড়ি এলাকাত হাতখরার চাশ ওএ। ভারতর আশামে হাতখরার বহুত চাশ ওএ। ছিলেটর জকিগনজ শীমানত দিআ বাংলাদেশও বহুত ফরিমান হাতখরা আমদানি খরা ওএ।

হাতকরার শিজন: হালকুন মাশও হাতখরার ফুল আএ, আর জইত মাশ (জৈষ্ঠ্য) আশাড় মাশও ফল ফাওআ জাএ। বাইঢ়া ৬ মাশউ হাতখরা পাওআ জাএ। এর বাদেউ হাতখরা রইদো হুকাইআ হারা বছর রাখা জাএ।



হাতখরার উফকারিতা: আগেউ খওআ ওইছে হাতখরা এখটা লেমবু জাতিও ফল। বহুত উফকার আছে হতখরার। হাতখরা এখটা ভিটামিনফুরনো ফল জেটার ফুশটিমান ওনেখ উননতো। ইখটাত আছে ভিটামিন সি, ফশফরাশ ও কেলশিআম। হাতখরা ওশধি হিশাবেউ বেবহার খরা ওএ। হাতখরা কিডনির রোগ, কেনশারর মতো বহুত রোগ নিরামএর লাগি বহুত উফকারি।

মইনতববো: ছিলেট জেলা "দুটি পাতা একটি কুড়ির দেশ" নামে হখলকানো ফরিচিতো ঠিক ওলা হাতখরার দেশ নামেউ ফরিচিতো। হাতখরার গুন ও শাদর লাগি দেশর বাইরেও বহুত ফরিচিত। যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে ও হাতখরার বহুত রফতানি খরা ওএ। হাতখরা খালি এখটা ফল বা আনাইজ নাএ, ওশধি হিশাবেউ ইখটার বহুত নাম ও গুন আছে।

মর্জিয়া সিদ্দিকা লিপি ছুনদর ছড়া দিছইন হাথখরার উফরে

খমলার লাখান গোলমুল আর
ভিতরে খড়া খড়া,
ছালন রাইনদিআ খাএ হখলে
নামটা হাতখরা।





## দুরমুছ

দুরমুছ

আছতে আছতে ইতা আরি জার গিআ আমরার মাজ তনে।

দুরমুছ ওইল এখটা আগর আমলি জিনিশ জা ওখন দেখা যাএ  না আর বহুত জনে চিনন না।

আর দুরমুছ বানাইন খেউ খেউ বড় ডানর ফটর মাজে ফাততর আর বালুক ছিমেনট এখখানর মাজে মিশাইআ। মুটিআ চাইআ বাশ এখটা আডাই তিন আত লামবা,ফটর মাজখানর মাজে রাখিআ ওতা ছিমেনট বালু  দিআ ডালাই ছাড়ি ফরে হুকানিত দিলা রইদর মাজে।হুকাইলে এটারে খএ  দুরমুছ।এটা দিআ  জেতা খাম খাজ খরা হএ জেমন উছা নিছা জাগারে শমান খরইন,নরম জাগারে দুরমুছ মারি শখত খরইন,ঘরর বিটারে বেশ খরি দুরমুছ মারিআ শমান খরিআ ফরে ডালাই দেইন আর  ঘরর তল ফাককা খরলে জে মজবুদ ওএ,আর ফুললি ফাটা মারেনা এখ শমান থাখে ফুললি। আর দাইর জদি উছা নিছা থাখে তাইলে দারির মাজে দুরছুম দিআ ফিটিআ শমান খরা যাএ।দশ ফনড বছর ফরে দুরমুছ নামউ খেউ জানতো নাএ। দুরমুছ দিআ উছা নিছা শমান খরা দুরর খতা।আউকা আমরা এখ জনে আরেখ জনরে হিকাই আর হিকিআ রাকি বাফ দাদার আমলর খততার নাম।আর ইলা আমরার জীবন থাকি হখলতা আরি গেলে আমরার ফর জারা আইবা তারা আমরারে গালি দিবা খইবা আমরার বাফ দাদাএ আমরার লাগি কোন ইতাআশ রাখিআ গেছইননা।আফনে গদা দিআ উছা নিছা জাগাত বারি দেইন দেখবা হমান হইত নাএ।জিনিশ

আর দুরমুছ দিআ  চাইর ফাছটা ফিটা দেইন দেখবা শমান ওইগেছে,আর জেতা জাগাত দুরমুছ মারিবা ইতা জাগাত কুদাল দিআ ছেদ মারলেও দেখবা কুদালর ছেদ বরনা গিআ,ওলা মজবুদ  দুরমুছ মারার জাগা। ইকান,আর আগে আগে এখ জাতর দুরমুছ দেখা জাইত ইতা আছিল লুআর দুরমুছ ইতা অখন দেখা জাএনা কিনতু ফাতর বালু ছিমেনট দিআ আফনারা বানাইতা ফারবা জেছা বালা ডানর বড় ফটর মাজে।আর দশ খামলার খাম আফনে এখলা খরতা ফারবা লগে এখটা দুরমুছ থাখলে মাটি শমান খরার লাগিআ।এখশ গদার বারি আর এখ দুরমুছর বারি শমান ওইব ।

দুরমুছে দিআ খরা জাএ হখল জাতর খাম

দুরমুছ ওইল দাদা দাদি নানা নানির আমলর ফুরান এখ জিনিশর নাম দুরমুছ।



শাববির আহমদে খইন

এখ দুরমুছ দি খরা জাএ
এখ আদইলে আছতা দিনর খাম,
দুরমুছ ওইল আগর আমলর এখ জিনিশ ওর নাম।



## বরাক ও শুরমা নদি

পাহাড় তাকি বার হইআ কাচাড় ও হাইলাকানদি জেলার ধার দিআ বরাক নদি চলিআ আইছে।করিমগনজের ভাংগার বাজারর উজানে বরাক নদি সূরমা ও কুশিআরা নামে দুই ভাগ হএ।

কচু গাং এখানো হইআ সুরমা লইআ ভারতর মেঘালএ   জএনতিআ জেলার শোনাপুরর তলর লুভামুখ থাকি সুরমা বাংলাদেশর ছিলেটে গিআ হামাইছে ।বরাকর আশল শাখা কুশিআরা নাম লইআ    করিমগনজের লককি বাজারর কানদা বাএ পইছমে গিআ ছিলেটে হামাইছে।শুরমা আর কুশিআরা আলগা আলগা ছিলেটর মাঝে গিআ দিরাই থানাএ আবার এক হইআ আরবার বরাক নাম লইআ মুইমনশিংহ জেলাত হামাএ।আবার ভইরব ইন গিআ বমমপুতরর লগে মিলিআ মেঘনা নদিত পড়ে।মেঘনা নদি যমুনা নদির লগে মিলআ পদমা নাম লইআ বংগপোশাগরে  পড়ে।

## হাড়

ছিলেটিদের এখ শমএ হাড় নাম খরা আছিল।এখন এই নাম আমরা খএ জনে জানি।

হাড় বাশ দিআ বানাইন। এখ বাশ আরখ বাশ লগে বানদিআ,আর বালা খরি মজবুদ খরি হাড় হবানদিলে ছুটিআ ফড়িবার ডর থাখত নাএ,,ওখন ওনেখে হাড় ছিনেউ না হাড় খারে খএ।

হাড় ওইল বাককা পুরান নাম,

হাড় বানদিআ খাম খরইন,ঘরর আছতর – ইটর গাতনি –রং দউআর থামে হাড় বানদা লাগে। আবার খেউ খেউ হাড় বানদিআ ইতা হিতা হাড়র উফরে খইন । ছিলটিদের হারি যওআ  এখ দামি নাম হাড়।

## ছিলেটি ভাশার শিকরিতি

নাগরি হরফে ছিলেটি ভাশা-রে শিকরিতির দাবি ছিলেটবাশির প জানর দাবি। থারন, এখটা ভাশা দংশ ওইলে বড় এখটা মাইনশর ইতিহাশ আর কিরিশটি দংশ হএ। ছিলেটবাশির ইতিহাশ ও কিরিশটি ছিলেটি ভাশার হরফ। নাম নাগরি বরনোমালা।

পারাচিন খাল থাকিআ ছিলটিভাশা ও নাগরি বরনো মালার বেবহার আছিল।

আমরার জনমর পর থাকি মার মুখে এই ভাশা হুনিআ আর খইআ বড় ওইছি। শরকারি শিকরিতি আর শহজুগিতার ওভাবে পরাআ দুই কোটি মানুশ ওর এই আদি ভাশাটা আইজ আরি জাউআর পথে।

গুলাম কাদের ও জেমছ উইলিআম শহ দেশি-বিদেশি ওনেখে পিএইচডি খরছইন ছিলেটি ভাশার উফরে।

ছিলটি নাগরি বরনো মালাএ মুনশি ছাদেক আলি ছৈওদ শাহনুর ও শিতালংশাহ্ শহ ওনেক লেখকের শতাধিক বই পরওকাশিত ওইছে। হালতুননবি রাদানুর ও নুর নচিওত উললেইখজুইগো বই।

কমপিউটারে লেখার লাগি মুছতফা জব্বার আবিশকার করছইন বাংলা ফনট।'বিজএ'এর মত নাগরি ফনট আবিশকার ওইছে।

পরিতিবিতে আট হাজার ভাশার মাজে তিন হাজার ভাশার নিজর বরনো মালা আছে। তার মাজে ছিলটি ভাশা এখটা, জার নিজর বরনোমালা আছে। ফানছের "ভাশা জাদুঘর"এ ওশংখ্য ভাশার মাজে বাংলাদেশের দুইটা ভাশা'র নাম আছে এখটা বাংলা, আরখটা ছিলটি।

ছিলেটবাশি হিশাবে আমরার প্রানের দাবি, নাগরি বরনোলাএ ছিলেটি ভাশারে শংশকরিতি দফতর মাধধমে বা জাতিও শংশদে বিল উততাপনের মাধমে এই

'নাগরি বরনো ছিলটি ভাশা'রে শংশকিতি অফিশ থনে ওনুমোধন শহ জাতিও শিকবা কারিকুলামে হারানির দাবি। ছিলেটি ভাশারে পাঠ দানে শুযুগ করিআ এই ভাশারে বাছাইআ রাখা দরকার।



ওতার লাগি আমরার ছিলেটবাশি'র দাবি নাগরি বরনো ছিলটি ভাশারে শিকরিতির দাবিতে হখল ইউনিওনে কমিটি গঠন, গণ শাককর ওভিযান, মানব বনদন করিআ জনমত গড়িআ তুলউকা। জনমত গঠনের মাইদদমে এই এলাখার জন পরতিনিদিদের শমরতনে দাবি আদাএ এ ভারত ও বাংলাদেশ শরকাররে বাইদদ খরা লাগব।

## ছিলেটি জাতি

ছিলেটি এখটি জাতির নাম।তারা আলগা জাতি।তারা বাংগালি নাএ পাঠান নাএ তারা ছিলেটি।

আমরা ছিলেটিরা বাংগালি ওনেখেই মনে খরি।ইতা হাছা নএ থারন।

১/ ছিলেট বাংলার ওংশ আছিল না।ছিলেট বিভাগ আছিল আশামের ওংশ। ।ছিলেটি এলাখা আছিল আশামের ওংশ আর ছিলেটিরা বাইরের এলাখার মানুশ রে খইতা বেংগলি।তা ছাড়া আমরার বাফ দাদাএ ছিলট কোন বাংগালি ওফিছার বা মানুশ দেখলে খইতা বেংগলি।আমরা ছিলেটিরা জে বাংগালি নাএ আমরার বাফ দাদা থাকিআ আইছে।

২/ ভাশা ও হরফ আলগা।এক জাতি ওইলে ভাশা ও হরফ আলগা ওইব কিতার লাগিআ।

৩/ ছিলেটি ওখলর আচার আচরন বাংগালি থাকিআ আলগা।

৪/ শমাজিক রিতি নিতি জেমন আম কাঠালি ইছতারি ইতা বাংগালি ওখলর থাকিআ আলগা।

৫/ ভোগোলিক ভাবে ছিলেটের ওবশতান জা বাংগালি জাতি থাকিআ আলগা জা দেখবার মত।

৬/ চরিতরো ওভবাশ ও খানি বনি বাংগালি জাতি থাকিআ ওনেক দিকে আলাদা।

৭/ দুই এখটা ছাড়া ছিলটিরা ওখন বাংগালি ওখলর লগে বিআ



শাদির বেআফারে কুটুমিতা খরে না।থারন এখ জাতি ওইলে ওশুবিধা থাখার খথা আছিল না।

৮/ ছিলেটি ওখলর ইতিহাশ আচার আচরন বাংগালি ওখলর থাকিআ আলগা।

তামাম দুনিআর দশ হাজার মানুশর এখটা জাতি তার হখলতা ধরিআ দুনিআর মানচিতরর মাজে টিকিআ থাখত ফারে।আমরা খেনে ফারতাম না।আউকা দু কোটি ছিলেটি আমরা এখটা জাতি শততা লইআ বাংলাদেশ ভারত শহ হখল দেশর মানচিতরে আশন বানাই। বিলিন হআ ছিলেট জাতিরে নআ আমরার হুরুরতা হখলর গেছে তুলিআ দরা হখল ছিলেটি ওখলর কাম।




মেফ আখছইন
আলীম উদ্দীন চৌধুরী



## ছিলটি জাতি নিয়া লেখা ফএলা ছিলেট তনে এখটা কবিতা

গোরবদিফতো ছিলটি জাতি
মার্জিয়া সিদ্দিকা লিপি
স্বরবৃত্ত ছন্দ (৪+৪+৪+১/২)

হুনছনি বা ভাইছাব হখল
হাচা একখান মাত,
বাংগালি নাএ আমরা ওইলাম
ছিলটি এখটা জাত।
আমরার আছে নিজর ভাশা
লেখার লাগি বরনো,
খতো শুনদর লাগে দেখতে
জেমন খাটি শরনো।
ছয়'শ বছর আগেউ আমরার
ভাশার ছিশটি ওএ,
গৌরবদিফতো জাতি আছলাম
ইতিহাসেউ খএ।
নাগরি বরনো ফতিশঠার লাগি
চলো লামি মাঠে,
ছিটাইআ দেই নাগরি বরনো
বাংলার হাটে বাটে।
আউককা ভাইছাব হখল মিলে
আবার শুরু খরি,
ওইতিজজফুরনো ছিলটি ভাশায়
বই ফুশতক ফড়ি।
টিকাইআ রাখি নিজর গৌরব
নিজর জাতির মান,
আমরা ওইলাম ছিলটি জাতি
খইআর নিজর গান।

## আলাদা ভাশা

ছিলেটি ভাশা কোন ভাশার উপ ভাশা বা আনচলিক ভাশা নাএ।ছিলেটি ভাশা এখটা শতনতরো (স্বতন্ত্র)ভাশা ।

কারন

এখ নমবর যে ভাশার নিজর আলাদা হরফ আছে শবদো আছে বাইকো( বাক্য) আছে শেই ভাশারে শহজে আরেখটা ভাশার উপভাশা খউআ ইতা নিজর ভাশারে কুড়াল মারা । নিজের ভাশারে বদনামি আর ছুট করার কাম।

দুই নমবর ফারনশের (ফ্রান্স) জাদুঘরে উপ ভাশা বা আনচলিক ভাশার তালিকাএ নাএ ছিলেটি ভাশা। আলগা ভাশা হিশাবে বাংলা ভাশার পাশাপাশি ছিলেটি ভাশার নাম আছে।

তিন নমবর জে ভাশাএ বই পরকাশিত ওইছে ও ইতিহাশবিদ মুমিনুল হক এ ছিলটি খবর নামে এখটা শংবাদ পতরো ও ছিলেটি ভিশার বেআখরন বার করছইন জে ভাশার পেরেশ আছিল শে ভাশা উপভাশা কিলা ওইব।

চাইর নমবর আনতরজাতিক ভাবে ছিলেটি ভাশার জে শিকরিতি ফাইছে ২০০৫ শালে তা এখটি আলাদা ভাশা হিশাবে ফাইছে উপভাশা হিশাবে নাএ।

পাচ নমবর জে ভাশাএ শিলালিপি আবিশকার ওইছে ।ইকটা শকতিশালি না ওইলে বা উপভাশা ওইলে শিলালিপি খুদিত ওইত না। পৃথিবীর কোন ইতিহাশে উপভাশাএ খুদিত কোন শিলালিপির শনদান নাই।

ছএ নমবর ছিলেটি ভাশাএ হাতের দছতগত ও দলিল পরজনতো লেখা ওইত জা তার পরফান রইছে।

হাত নমবর জে ভাশার মানুশ ওখলর আলাদা মাত খতা চলাফেরা আছে ।তার ১.৭ মিলিওন মানুশ জে ভাশাএ খথা খইন শেই ভাশারে তার নিজর মানুশজন বাংলা ভাশার উপভাশা খউআ দুখও জনক ও রহইশজনক।



আমরা পরিশরম খরতে চাই না পরগাছা বা উপভাশা হিশাবে দাএ শারা ভাবে খাম খরতে ছাই।

আউকা নিজর সারতো ইটামারি ফালাইআ নিজর মার ভাশার ছরছা খরিআ হারা দুনিআর মাজে মাথা উছা খরি এখটি মজবুত ছিলেটি ভাশা হিশাবে শমমানের জেগাত বহাই।

## ছিলটি ভাষার আন্তর্জাতিক স্বীকৃতি

নিজর মাইর ভাষা ও লিপি ভূলিয়া ছিলটিরা পরগাছা অইজিরা। ছিলটি ভাষার নাগরি লিপি 2005 সালর মার্চ মাসো ইউনিকোড সইতে আন্তর্জাতিক ভাবে অনুমোদিত অইছে। অনুমোদনর খবর হখল ছিলটিরা এখনো জানইন না,এখ সময় আমরার বাফ দাদারা যা ফড়তা লেখতা আমরা এখন তা ফড়িও না আর লেখা ইকটাত বউত দুরর খতা,ফ্রান্সের ভাষা যাদুঘরে ছিলটি ভাষার নাম আছে তা খয় জন ছিলটিয়ে জানি।ছিলটি ছাড়া দুনিয়ার হখল মানুষে মার ভাষা হিকরা আর আমরা মার ভাষা ভুলরাম এর চেয়ে শরম আর কিতা অইতো ফারে, এর বাদেও মাঝে মধ্যে এখ দুইটা খবর আমরার মনো আসার আলো দেখায়,ইলা এক খবর অইলো ঔ ভাষারে মণিপুরর লালপানি গ্রামর ইদ্রিছ আলি ও বাবু মিয়ারা এখন কামড় মারিয়া ধরিয়া আছইন ।তারা ছিলটি ভাষার নাগরি পুথি হক্কল সময় পড়ইন আর লেখতাও ফারইন,






## জাতির শেরা ফুআইন

মার কুর বইআ বুকর দুধ খাইআ খাইআ হুরুরতাএ জে ভাশা হুনে ও হিখে এটাই তার মার ভাশা (মাতৃভাষা)।আমরার মার ভাশা ছিলটি ভাশা।

যে তার মার হারি যাওআ ভাশারে ফিরাইআ আনে হে পুয়াই মার শেরা ফুআ।।নাগরি ছইনিকরা তার মার ভাশার এর হরফ নাগরির মুকতি দাতা।এরা নিজর সময় ও টেখা খরচ করি নাগরিরে বনদিশালা থনে বার করি ইশকুল কলেজে হিখানিত গেছইন।দেওয়ালে নাগরি হরফ লেখছইন,-নাগরিতে পেপার বার করছইন। কমিটি বানাইআ হাজার হাজার মানুশরে জানাইছন ।এরা নাগরি বিপলব ফএদা করছইন।এর আগে কোন দিন নাগরির ইতিহাসে ইতা হইছে কাম হইছে না ছিলেট জাতিতে ।এর লাগি ছিলেটি জাতির সেরা পুয়াইন নাগরি ছিফাই হখল।

নিজর পকেটের টেখা খরচ করি ছিলটি ভাষার ফরচার ও দাবি-দাওআ করার লাগি ঘর তন বারইয়া ইশকুল কলেজে শহ হখলত জেগাত যাইন তারাই নাগরি ছইনিক।

### নাগরি বিপ্লবের<br>পরোকাশনা ও খরচ (প্রকাশনা ও খরচ )

নাগরি বিপলবে প্রায় পাচ লাখ টেখা খরচ হএছে আমার পকেট থেকে প্রকাশনা ও আর বহুতা বাবদ।পরোকাশনা

যেমন

১। নাগরি হরফের পৌস্টার ইতিহাসবিদ মুমিনুল হক ২০১৫

২। নাগরি হরফের বই ইতিহাসবিদ মুমিনুল হক ২০১৫

৩। ছিলেটি ভাষার নাগরি আন্দোলন ইতিহাসবিদ মুমিনুল হক ২০১৫

৪। নাগরির কবিতার বই ইতিহাসবিদ মুমিনুল হক ২০১৭

৫। মণিপুরে নাগরি বিপ্লব ইতিহাসবিদ মুমিনুল হক বিপ্লব ২০১৭ গতিধারা ঢাকা

৬। 11 নাগরির সংগ্রামে ছিলেটি জাতি ইতিহাসবিদ মুমিনুল হক ২০১৭ গতিধারা ঢাকা

৭। ছিলেটি ভাশার বেআখরন ইতিহাশবিদ মুমিনুল হক ২০১৭ গতিধারা ঢাকা

তাহা ছাড়া নাগরিতে ছএ শংখা ছিলটি খবর বার হইছে।এখ শংখ্যা আশামর শিলচর তনে আরখ শংখ্যা ভারতর মনিপুর তনে বাকি চাইর শংখ্যা ছিলেট তনে ।মনিপুর রাজ্যে নাগরি পেপার , ওআল লেখা ও মনিপুরের নাগরি বিপ্লব প্রায় পঞ্চাশ হাজার টেখা আমার খরচ হয়েছে ।দু হাজার আটারো সালে নাগরির স্বীকৃতির দাবিতে ছিলেটের চাইর জেলা সংবাদ সম্মেলনে পঞ্চাশ হাজার টেখা আমার পকেট থেকে খরচ ওইছে।



## নাগরি শিককক



জেইন নিজে না দেখিআ নাগরি হরফ ইশকুল কলেজের বউডো লেখতা ফারইন। ।ইশকুল, কলেজ ,মকতবো ,গাওত নিচে দিআ দশ বারো জনের হুরুরতারে এখলখে নাগরিতে নাম লেখা হিখাইআ পরোতিযোগিতা খরে বিজএই দের পুরুশকার ও শারটিফিকে দেইন তানে নাগরি শিককখ খএ।

## নাগরি ছিফাই




জে মানুশটি আফনারে হাতে ধরি ধরি হাটা হিখাইলো লেখা পড়া হিখাইলো তাইন আফনার গেছে শেরা মানুশ। তাইন হএ আফনার জনম দেওআ মাই বাবা হইতা ফারইন। অমলা নাগরিরে হাত ধরি ধৱি ইশকুল কলেজে লইআ গেলা নিছর টেখা খরচ খরি হরফ ওআল লেখলা ,নাগরি হিখা পরোতিযোগিতা করলা মা বাফর লাখান তেআগ খরি হখলরে পরিচএ করাই দিলা । তারা নাগরি লেখক নাএ ,তারা নাগরি গবেশক নাএ, তারা নাগরি পরোমিক নাএ ,তারাই নাগরির লাগি শেরা মানুশ।তারাই হইলা নাগরি ছিফাই।

## মার ভাশা  (মাতৃভাষা) ছিলেটি ভাশা

আমরা ইশকুল কলেজ মার ভাশা বাংলা পড়ি পড়ি বড় হইছি।আমরার মগজ ধোলাই করা হইছে।ইটা  মিছা মাত।আমরার মা কাথ লুইআ বুখ দুধ খাওআইছন আর ছিলেটি মাতছইন ।  বাংলা মার ভাশা হইল কিলা ।ছিলেটিদের মার ভাশা ছিলেটি ভাষা ।এই ভাশা ইউনিশকো দু হাজার পাচ শালে ইউনিকোড ফাইছে।এই ভাশা দিআ খবরর কাগজ বারহ।বেআখরন বারইব।নিজর হরফ আছে।খএ জাতির নিছর হরফ আছে।আমরা ছিলেট জাতি গরবিত আমরার মার ভাশা ছিলেটি ভাশা।

## নালি হাগ

ছিলেটিদের মজার খানি নালি হাগ।হাতখরার পরে এইটা।পাট গাছের আগার নরম ফাতাই নালি হাগ।ছিলেটিরা খই হাগ আর বাংলাএ খই শাক।

নালি হাগ ওইল এমন এখটা মজার হাগ খাইতে ওলা মজা লাগে,লগে জদি খাগজি লেমবু আর নাগা মরিছ থাখে,আবার শাশনি জামির ওইলে ত আর খতা নাই খুব মজা।

দিলা ফিআজ রশুন কাছা মরিছ ফাড়িআ দিলা,আদা তুড়া বারিক বারিক করি খাটিআ দিলা, খেউ দেইন ওলইদ আবার খেউ দেইননা,আবার খেউ দেইন তুড়া মেতি আবার খেউ মেতি দেন না।

ফানি মশলা নুন শহ এখ ডেগর মাঝে  ছুলার উফরে বুআইলা জাল হ জেলা খাইবার ইচ্ছা ওলা রাখবা এখটু ফানি ফানি,, নাইলে এখবারে হুকনা,আবার আগর আমলে মা মইএ নালি হাগ হুকাইআ ও গুড়া খরি রাখতা জেতু নালি হাগর দিন থাখতনা তাই  রানদিতা ওলা মজা লাগিত খাইতে,ওখন ইতা বেশি মিলেনা খাইতে আগর দিনর  আলাদা শাদ আছিল।



## নাগরি বানান

মুই বহুত খুশি  জে  জিবনের মাজে  এখটা  ভাল কাম করছি । নাগরির বানান ভুল আছিল ।  নাগরীর বানান ঈকার থেকে ইকার দিআ  নাগরি 2015 সালে লেখা শুরু খরি।

কারন নাগরিতে ঈকার কোন হরফ নাই ।ইকার আছে তাই নাগরি ইকার দিআ হইব।বাংলা একাডেমির বানান ছিলেটি ভাশার লাগি ধার করব কেন ?

বাংলা শবদের বানান বাংগালিরা  ঠিক করবে বৃটিশরা  বা অন্য কেহ করলে হইত না।বহু যুগ  পরে বাংলাদেশ ও পশচিম বাংলার সরকার Dacca থেকে Dhaka ও   calcutta থেকে  kolkata  করছইন। বিটিশদের দেওআ  বানান  বদলাইছন।  এই ভাবে ছিলেটি ভাশার বানান ছিলেটিরা ঠিক করবা।বানান বদলাইবার  দিক দিএ  বাংলা ভাশার থনে ছিলেটি ভাশা আগুআই  গেল।   2015  পর থেকে আমার সব লেখাতে ইকার দিআ লেখেছি।এর আগে কোন লেখক বই এ বানান ইকার দিয়ে কোথাএ  লিখছইনা।ছিলটি ভাশার মালিক ছিলটিরা এর বানান খিলা হইব তারা ভালা খইতা ফারবা পাঠান তনে শিখ তনে আর বাংগালি তনে।

আমার নিছর হখল বই

নাগরি ই কার দিআ লেখা

১/ নাগরি হরফের বই

২/ ছিলেটি ভাষার নাগরি আন্দোলন

৩/ নাগরির কবিতার বই

৪/ মণিপুরে নাগরি বিপ্লব 5  নাগরির সংগ্রামে ছিলেটি জাতি



## ছিলেটি ভাশাএ নআ শবদো

ছিলেটি ভাশাএ নিছর  আটি বাইককো ও শবদো  আমি ফএলা খই ও ছাপাই বই ও পোশটারে ।এর আগে কোথাএ ছাপা হএ নাই আর কেহ বলে নাই শাহশ করে।

১/ছিলটি একটি জাতির নাম ২/ ছিলেটিদের মাতরি ভাশা  ছিলটি ভাশা ৩/  ছিলেটি একটি শতনতো ভাশা ৪/ নাগরি ছইনিক  ৫/ নাগরি দিবশ ৬/নাগরি শিককক ৭/  নাগরি আনদোলন  ৮/  নাগরি বিপলব এই শবদো ও বাইকো গুলা পিথিবির কোথাএ কেহ  ছিলটি ভিশাএ  বেবহার করছইন না ।আর   ছাপা  হয় নাই মুই ফএলা লেখি বই এ পোসটারে ওআলে  ।

ফএলা দ হাজার পনরো শালে   ছিলটি ভাশার  শিকিরিতিরশ  দাবি তুলি নাগরি হরফের পোশটার ও পরিশদ বানাইআ।  দু হাজার পনরো শালে নাগরি আনদোলন বই  এ নাগরি ছইনিক  ও নাগরি শিককক শবদো  মুই  ফএলা বেবহার খরি ও  ছাপাই।  ফএলা দু হাজার  শোল শালে মুলই বাজার সরকারি কলেজের সাইনবোরডে  ও সম্পাদনায় ছিলটি  নাগরির কবিতা গ্রন্থের তিন পাতায় ও মণিপুরে নাগরি বিপ্লব গ্রন্থের তিন নম্বর পাতায় ছিলটিদের  মাতৃভাষা ছিলটি ভাশা ব্যবহার ও ছাপাই।  ফরে  ছিলটি সংবাদ পত্র ছিলটি খবর ও নাগরি হরফের বেনার ও পোশটারে নাগরি হরফের  দেওয়ালে মাতৃভাষা ব্যবহার করি।   দু হাজার সতরো সালে পরকাশিত  মণিপুরে নাগরি বিপলব বই এর চল্লিশ নং পৃষ্টায়  ছিলেটি একটি আলাদা জাতি ও বিয়াল্লিশ পৃষ্টায় ছিলটি ভাষা স্বতন্ত্র ভাষার ব্যাখা করেন।দু হাজার সতরো সালে প্রকাশিত  জয়নুল ইসলামের লিখিত ঘুম ভাঙ্গানির কবিতার পাঁচ নং ফাতাত   ভূমিকায় আর কমর উদ্দিনের লিখিত কবিতা বই এর পাঁচ নং ফাতাত  ভূমিকায়   ফএলা ছিলেট জাতি ও ছিলটি ভাশা বেবহার করি।



মুই বহুত খুশি ইতা  ফএলা রাইত দিন চিনতা করি  বার করছি আর ছাপছি।  এর আগে কেহ খুইথা ফারছইন না লেখথা পারছইন না। নিছর বইত হখলতা আছে।

১/নাগরি হরফের বই

২/ ছিলেটি ভাষার নাগরি আন্দোলন

৩/ নাগরির কবিতার বই

৪/মণিপুরে নাগরি বিপ্লব

৫/ নাগরির সংগ্রামে ছিলেটি জাতি

## নাগরি একাডেমি

দু হাজার পনরো শালে লনডনে আমি ফএলা নাগরি একাডেমি বানাই।একাডেমি তনে বহুত নাগরি ছইনিক হখলরে এওআর্ড দেওআ হইছে।  কমর উদ্দিন জএনুল ইশলাম ও আলিম উদ্দিন চৌধুরি ওননোতম আমি ভারত মনিপুরে নাগরি একাডেমি ও মনিপুর নাগরি শাহিততো পরিশদ বানানি লইওআইছি ।

## আদি (শীতল পাটি)

আদি ছিলেটের গউরবের এখ জিনিশ।দুনিআ জুরিআ এর নাম ও শুনাম রইছে ।ঢাকা কলকাতা মেলায় রাজনগর উপজেলার ধূলিজুরি ও বিল বাড়ি গাও আদি বানানির লাগি ফুরুশকার ফাইছে।এটা আনতরজাতিক ভাবে আদি বেবশার রেজিছটার হইছে বাংলাদেশ। জালি বেত দিআ বেতর আদি ( শীতল পাটি ) বানানি হএ।

গরমর দিন জার ঘরে জদি এখান আদি - ছাটি –ফাটি থাখে তাইলে আম - খাটল জেছাতা গাছত তলে গিআ হুতিআ দেখবা কিলা আরামর ঘুম আএ,আর এখটু গামিলেও দেখবা ওলা আরাম লাগের আদি ছাটি বা ফাটি থাকি।,খারন ওউজে মুরতার বেত দি বাড়িত দেখতাম খালি মুরতা দিআ বেত ফাড়িরা,

আর রদির মাজে হুকাইরা ওখন আছতা গাউ আটিলে ইলা দেখা জাএনা,ইতার খারন ওইল ফেলাশটিক ইতা আইআ আমরার ফুননা সব ইতিহাশ কাড়িআ নেরগি।

মুরতা দি বানাইতা আদি ছাটি ফাখা খত ছুনদর ছুনদর ফুল আকিআ, আগর আমলে মা ছাছি ফাড়া ফতিবেশি হখল বানাইছইন।আর ওতা বেমারি ফেলাশটিকর আদি এখান লইআ ওলা হুতিআ দেখবা ইলা আরাম মিলেনা গরম ওইজাএ,আর এখটু গামিলে আছতা গতরর মাজে খাউজাএ আর ফুরি ফুরি খরে ।

আদি ছিলটিদের শুনামের ধন।গউরবের ধন।






**২০১৭ শালে ইউনেশকো আদিকে (শীতল পাটি) কালচারেল হেরিটেইজ হিশেবে শিকরিতি দিআছে।**

## আননা মুকি

আননা মুকি

বহুত খানির জিনিশ হারি যার।আবার বহুতে চিনইন না আগরষওথা ।ইতার মাঝে আননা মুকি এখটা।

শিতর শমএ আননা মুকি খাইতে মজা বেশি।আগে আগে মাই ছাছিএ রান্দিলে বাড়ি বারা থাকি গেরান লাগি জাইত নাখর মাজে বহুতর।

এবলা বেটিন ওইলা ছইছ না দাদিরে খা।এবলা তারার বুলে আত ফুলিজায় খাউজাইআ আননা মুকি বানানিত বইলে। আর তুড়া লাল মরিছর গুড়া আর তুড়া তুড়া খরি হখল জাতর মশলা দিয়া ছুলার উফরে দিআ জাল দিতে লাগিলা এখটু ফরে দেখবা ওলা মজার হুকনির গেরান বারইছে আননার মুকি বা আননার লতা জে জেতা খইন গুরি ফিরি খাইতে এক লাখানু।

আননা মুকি ওইল এখ জাতর মুকি

দেখতে এখটু লামবা লামবা ।

লতার লাখান দেখতেও লাগে।

ইতা বেশি টিল্লা মাঠিত হএ।এখটু গুল গুল ও লাগে ।

ইতা এবলা হারি যার।মজার এই আনাজ হখলে চিনিআ রাখা লাগব।



## মুগইর

মুগইর ডিজিটেল যুগে আরিজার।আগর লাখান ইটার আর বেবহার খরইন না।এখটা শমএ খেহ নাম জানতো নাএ।গরু ছাগল ডিগরা দেওআর শমএ খুটি গারতে মুগইর দিআ বারি আইআ খুটি ভালা টিকে গারইন শকতো মাটির মাজে ।জেমনে গরু বাছুর ছাগল খুটা হুরিআ যাইতো না পারে ।

মুগইর বানাতে হইলে বরুআ বা জাই বাশ এখ আত লামবা বাশর জড় বাজু থাকি খাটিআ লইলাএ,এর ফরে বালা খরি চাছি চুছি হমান খরলা,আর এখ থাকি দেড় আত খাটিআ এখটু ছুট খরি আনিলা মুটিআ খরি আত দিআ ধরবার লাগি জাতে আত থাকি না ফিছকিআ না জাএ ।

কিরিশকের শোনার ধন মুগইর

ফিছকিত না খরি

শকতো খরি আত দিআ ধর।





## নাগরি দিবশ

হাত মে দু হাজার পনরো শালে মুই নাগরির শিকরিতি দাবি খরি।এই দিনকে মুই নাগরি দিবশ ঘোশনা করি।একুশে ফেবুউআরির লাগান মার ভাশা দিবশ ছিলেটিদের লাগি হাতই মে। হখল বছর উদযাপন হএ।এই দিবশ ছিলেটিদের জান ।এই দিনর লাগি নাগরি আনদোলন ,নাগরি বিপলব নাগরি ছইনিক, নাগরি শিকক্ক হখলতা আমি শুচনা খরেছি। এই দিন শিকরিতির দাবি না তুললে কোনতা হইলো না হনে।আইজ বাংলা ভাশা দিবশর লাখান আমরা নাগরি দিবশ আছে এর তনে আর আমরার কিতা গোউরবের হইত ফারে ।

দুই হাজার আটারো শালে ওশমানি নগর উপজেলার মোললার গাও আবদু মিআ কলেজে নাগরি দিবশ পালিত হুইছে । শমপাদক এবাদুর রহমান নাগরিতে হাতে লেখা এশো নাগরি হিখি নামে শরনিখা বার খরইন ।আলোচনা শভা ও নাগরি হিখা পরোতিযোগিতা ছিল।

ছিলেটিরা যত থাকবে তত দিন নাগরি দিবশ পালন হইব।নাগরি দিবশ ছিলেটিদের নআ করি আরবার ছিলটি মার ভাশা ও ছিলেটি জাতিরে পরিচএ করাই দিছে।




আউকা নাগরি হিকি শরনিকা

## মণিপুরে নাগরি বিপ্লব

ভারতর মনিপুর রাজজে চললিশ হাজার ছিলেটি থাখইন।ইখানো নাগরি বিপলব হইছে আমার ডাকে।মুই 50 হাজার টেখা খরচ খরে নাগরি বিপলব শুরু খরি।

জেমন
১ পহলা মণিপুর প্রচার কমিটি  ৩১-৫- ২০১৭
2 পহলা নাগরিতে নাম হিকছইন ও পহলা সৈনিক জয়নুল ইসলাম
৩ পহলা গাওত নাগরি প্রচার কমিটি লালপানি গাওত২৭-৭-২০১৭
৪ পহলা নাগরি শিক্ষক ও  শ্রেষ্ট শিক্ষক ২০১৭ জয়নুল ইসলাম
৫ পহলা মাদরাসায় নাগরি হিকা প্রতিযোগিতা আহমদাবাদ মাদরাসা ১৬ -৭ - ২০১৭
৬ পহলা গাউত নাগরি হিকা প্রতিযোগিতা  সোনাপুর গাও ১০  -৭ - ২০১৭
৭ পহলা নাগরি শ্রেষ্ঠ সৈনিক  কমর উদ্দিন  ২০১৭
৮ পহলা মক্তবে নাগরি হিকা প্রতিযোগিতা লাল পানি সাবিহ মক্তব ১০  -৭ - ২০১৭
৯ পহলা নাগরি খবরর কাগজ ছিলটি খবর প্রকাশ  ৬ - ৮ - ২০১৭
১0 পহলা নাগরি হরফে দেওয়াল লেখা   লাল পানি বাজার 2৮-৭ -২০১৭
১১ নাগরি শিক্ষকগন জয়নুল ইসলাম কমরউদ্দিন সাইদূল্লাহ  মমিন হেলিম লস্কর নজরুল ইসলাম আ কাদির
১২ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিকট স্মারক লিপি প্রেরণ ২৮-৮-২০১৭
১৩ পহলা  দোকান নাগরিতে সাইনবোর্ড ময়না মিয়া ।দোকানের নাম ময়না গ্রোসারী ৩০-৮-২০১৭ দুই নম্বর সাইনবোর্ড ৩০-৮-২০১৭ আ কাদির লাইব্রেরীর নাম আমানত বুক সেন্টার।
১৪ মণিপুর  নাগরি সাহিত্যপরিষদ গঠন ১১-৯-২০১৭
১৫ নাগরি সাহিত্য পরিষদ থাকি দুটি কবিতা প্রকাশ অক্টোবর ২০১৭
১৬ মণিপুর নাগরি একাডেমী গঠন ৩-৯-২০১৭
১৭ দু হাজার সতরো সালে কবিতায় বিশেষ অবদানের জন্য কমর উদ্দিন ও জয়নুল ইসলাম এবং নাগরি পাঠক বাবুর আলী ও ইদরিস আলীকে নাগরি একাডেমী এওয়ার্ডে ভূষিত করা হয় ৭-৯-২০১৭
১৭  মণিপুর নাগরি বিপ্লব বই প্রকাশ ১৬-৯-০১৭



## নাগরি বিপলব

